

সম্পাদক
শাহাদত চৌধুরী

নির্বাহী সম্পাদক
গোলাম মোর্তোজা

সিনিয়র প্রতিবেদক
জয়ন্ত আচার্য
বদরুল আলম নাভিল

প্রতিবেদক
আসাদুর রহমান, জব্বার হোসেন
রুহুল তাপস, সাজেদুর রহমান
সহযোগী প্রতিবেদক
হাসান মূর্তাজা

কার্টুন
রফিকুন নবী

প্রধান আলোকচিত্রী
তুহিন হোসেন

নিয়মিত লেখক
আসজাদুল কিবরিয়া, জুটন চৌধুরী
ফাহিম হুসাইন, পারভীন তানী
জাহাঙ্গীর আলম জুয়েল

প্রতিনিধি
সুমি খান চট্টগ্রাম
মামুন রহমান যশোর
বিদেশ প্রতিনিধি
জসিম মল্লিক কানাডা
মুনাওয়ার হুসাইন পিয়াল হলিউড
আকবর হায়দার কিরণ নিউইয়র্ক
নাসিম আহমেদ ওয়াশিংটন
নাজমুননেসা পিয়ানী বার্লিন
কাজী ইনসান ঢেংকিও

প্রযুক্তি বিভাগ প্রধান
শাহরিয়ার ইকবাল রাজ

প্রধান গ্রাফিক্স ডিজাইনার
নূরুল কবীর

শিল্প নির্দেশক
কনক আদিত্য

প্রদায়ক আলোকচিত্রী
এ এল অপূর্ব
আনোয়ার মজুমদার

জেনারেল ম্যানেজার
শামসুল আলম

যোগাযোগ
৯৬-৯৭ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০
পিএবিএস : ৯৩৫০৯৫১ - ৩
সার্কুলেশন/বিজ্ঞাপন : ৯৩৪৯৪৫৯
ফ্যাক্স : ৯৩৫০৯৫৪
চট্টগ্রাম অফিস : ১৪/ক, এসি দত্ত
লেন, পাথরঘাটা, চট্টগ্রাম ৪০০০
ই-মেইল : info@shaptahik2000.com

দাম : ১৫ টাকা

মিডিয়াওয়ার্ল্ড লিমিটেড
৫২ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০-এর পক্ষে
মাহফুজ আনাম কর্তৃক প্রকাশিত ও
ট্রাঙ্কক্রাফট লিঃ, ২২৯ তেজগাঁও শিল্প এলাকা
ঢাকা-১২০৮ থেকে মুদ্রিত।

www.shaptahik2000.com

গণঅভ্যুত্থানের মধ্য দিয়ে পতিত স্বৈরশাসক এরশাদের রাজনীতির জটিল ফাঁদে বিদিশা পড়েছেন। তাকে দিতে হচ্ছে রাজনীতির জটিল খেলার খেসারত। দেশের প্রচলিত নোংরা রাজনীতিতে বন্দি আজ বিদিশা।

সামরিক অভ্যুত্থানের মাধ্যমে ক্ষমতা গ্রহণ করে এরশাদ ক্ষমতা চিরস্থায়ী করতে জাতীয় পার্টি গঠন করেন। দেশের নীতিহীন রাজনীতিবিদদের নানা প্রলোভন দেখিয়ে এরশাদ তাদের দলে নিয়ে আসেন। গণআন্দোলনে '৯০-এ এরশাদের পতন হলে, ধারণা করা হয়েছিল এরশাদের রাজনীতি শেষ। আওয়ামী লীগ-বিএনপির রাজনীতির খেলায় এরশাদ টিকে থাকেন। খেলতে থাকেন নানা জটিল খেলা। এরশাদের জাতীয় পার্টি এখন তার ড্রেড সেন্টার হয়ে উঠেছে। গঠনতন্ত্রে রেখেছেন স্বৈরাচারী ধারা। এ ধারার বলেই তিনি পার্টিতে যাকে ইচ্ছে অন্তর্ভুক্ত করেন, বহিষ্কার করেন।

বিদিশাকে তিনি তার প্রয়োজনেই রাজনীতিতে নিয়ে আসেন। তাকে দিয়ে বিভিন্ন দেশের আন্তর্জাতিক নেটওয়ার্ক মেইনটেইন করান। আজ নিজের প্রয়োজনেই তিনি বিদিশাকে ছুঁড়ে ফেলেছেন। তার জেলে যাওয়া ঠেকাতে তিনি বিদিশাকে অব্যাহতি দিলেন। মামলা দিলেন। গ্রেপ্তার করালেন। তালাক দিলেন। অথচ এই বিদিশার কাছে '৯৬ সালের দিনগুলোতে প্রতিদিন তিনি রজনীগন্ধা নিয়ে যেতেন। প্রেম নিবেদন করে বিদিশার মনকে জয় করার আশ্রয় চেষ্টা করেছেন।

এরশাদ এখন আবারও ক্ষমতায় যেতে চান। এ জন্য তিনি তার স্বার্থে সব কিছুকে পদদলিত করতে প্রস্তুত। বিদিশার সঙ্গে এরশাদের নিষ্ঠুর ব্যবহার তার স্বৈরশাসনের কথাই জাতিকে মনে করিয়ে দিচ্ছে। এই এরশাদই ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র মিছিলে ট্রাক তুলে দিয়েছিলেন। নূর হোসেন গণতন্ত্রের জন্য হয়েছিলেন গুলিবিদ্ধ।

বিদিশাকে তালাক দিয়েই এরশাদ রিয়াদ চলে গেলেন। সঙ্গে নিয়ে গেছেন তার চার বছরের শিশুপুত্রকে। এরশাদের নির্মম খেলায় বিদিশা এখন পুলিশ রিমাডে। এমন প্রহসন এরশাদের পক্ষেই মানায়।

এই শতাব্দীর সাপ্তাহিক
২০০০



৪৫ ml v 10 Rp 2005

